গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং: ৫৮.০১.০০০০.১০১.১১.০২০.২০২২-৭৭৮৯

তারিখ: ১১ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ।
২৬ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য আগ্রহী বাংলাদেশি নাগরিকগণের নিকট হতে অনলাইনে (Online-এ http://dip.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না। :

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১। | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০৩(তিন)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ও ইংরেজিতে ৩০ শব্দ। | ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, শরিয়তপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, বাগেরহাট, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর।<br>তবে শারিরিক প্রতিবন্ধী ও এতিম কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেলঃ ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৪(চার)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ও ইংরেজিতে ৩০ শব্দ। | ঐ |
| ৩। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ২৩(তেইশ)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২৮ শব্দ। | ঐ |
| ৪। | এসিস্ট্যান্ট একাউন্ট্যান্ট<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ২৪(চব্বিশ)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্য বিভাগে অন্যূন স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে। | ঐ |
| ৫। | ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ৪৫(পয়তাল্লিশ)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(খ) সংশ্লিষ্ট এপ্টিচ্যুড পরীক্ষায় উত্তীর্ণ। | ঐ |
| ৬। | রেকর্ড কীপার<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৪(চার)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে। | ঐ |

আবেদনের নিয়মাবলী/নিয়োগ সংক্রান্ত শর্তাবলী ঃ

১। আবেদনকারীর বয়স ৩১ ডিসেম্বর, ২০২২খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং ২৫ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর হলে তারা আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন।

২। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা শারীরিক প্রতিবন্ধীদের বয়স ৩১ ডিসেম্বর, ২০২২খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং ২৫ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত তারা আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের বয়সসীমা নির্ধারণের জন্য অনুচ্ছেদ-১ অনুসরণ করতে হবে।। এসএসসি বা সমমানের সনদপত্রের ভিত্তিতে অনুচ্ছেদ নং-১ ও ২ অনুসারে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ সকল জেলা থেকে আবেদন করতে পারবেন। তাদেরকে যথাযথ কর্তৃপক্ষের সনদ দাখিল করতে হবে। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সরকারি আদেশ মোতাবেক অন্যান্য কোটাও অনুসরণ করা হবে।

৪। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিভিন্ন কর্পোরেশনে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হবে।

৬। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন(যদি থাকে) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে ( www.dip.gov.bd ) পাওয়া যাবে।

৮। কর্তৃপক্ষ নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

৯। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী :

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dip.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৭/১২/২০২২খ্রিঃ, সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময় ২৩/০১/২০২৩খ্রিঃ, সন্ধ্যা ৬:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণের ক্ষেত্রে পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** DIP<space>**User ID** লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example : **DIP ABCDEF & send to 16222**

**Reply:** Applicant's Name, TK-223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DIP <Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** DIP<space>**Yes**<space>**PIN** লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: **DIP Yes 12345678**

**Reply:** Congratulations! Applicant's Name, Payment completed successfully for DIP Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dip.teletalk.com.bd অথবা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের Website: www.dip.gov.bd-তে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। উক্ত প্রবেশপত্রের ফটোকপি গ্রহণযোগ্য নয়।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **DIP**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: **DIP Help User ABCDEF** & send to 16222.

ii. PIN Number জানা থাকলে: **DIP**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.

Example: **DIP Help PIN 12345678** & send to 16222.

ঝ. Online মাধ্যমে আবেদন করতে কোন সমস্যা হলে vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল আইডিতে যোগাযোগ করতে হবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DIP, Dhaka, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১০। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসুদপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনপত্র বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদ ও রেজিস্ট্রেশনের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১। জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

১২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও তাঁদের সন্তানদের ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদপত্র/প্রত্যয়নপত্রের মূলকপি প্রদর্শণ ও সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার পোষ্য সংক্রান্ত প্রত্যয়নপত্রের মূলকপি প্রদর্শণ ও সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১৩। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৪। **ডিক্লারেশনঃ** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের Website: www.dip.gov.bd**-তে এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd/dip** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **www.dip.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

১৬। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৬/১২/22

(শাহ মুহাম্মদ ওয়ালিউল্লাহ)
উপপরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে